

তিন বেসরকারি বিশ্ববিদ্যালয়কে অবৈধ ঘোষণা, ভর্তি বন্ধ ৫টিতে

অনলাইন ডেস্ক

৩১ মার্চ ২০২৩ ১০:৫৮ পিএম | আপডেট: ১ এপ্রিল

২০২৩ ১২:১১ এএম

175
Shares

The advertisement features the logo of Bangladesh University of Islamic Studies (UIA) at the top, with the text 'বাংলাদেশ' (Bangladesh) on the left and 'মঞ্জুরী কমিশন' (Majmuri Commission) on the right. Below the logo is a promotional banner for 'Grand Ramadan Bazar' with the text '30 মিনিটে ডেলিভারি' (30 minutes delivery) and 'order now'. The banner also includes an image of a table with various food items and a clock icon.

বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন। ফাইল ছবি

advertisement

দেশের তিনটি বেসরকারি বিশ্ববিদ্যালয়কে অবৈধ ঘোষণা করেছে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি)। সেই সঙ্গে আরও পাঁচ বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থী ভর্তি বন্ধ রাখার নির্দেশ দেওয়া হয়েছে। গত বুধবার ইউজিসির পরিচালক ওমর ফারুক স্বাক্ষর করা এক গণবিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিশ্ববিদ্যালয়গুলো হলো ইবাইস ইউনিভার্সিটি, আমেরিকা বাংলাদেশ ইউনিভার্সিটি ও দি ইউনিভার্সিটি অব কুমিল্লা। এছাড়া ভর্তি কার্যক্রম বন্ধ রাখার নির্দেশ দেওয়া প্রতিষ্ঠানগুলো হলো- ব্রিটানিয়া বিশ্ববিদ্যালয় (কুমিল্লা), স্টামফোর্ড ইউনিভার্সিটি, ভিক্টোরিয়া ইউনিভার্সিটি অব বাংলাদেশ, আশা ইউনিভার্সিটি অব বাংলাদেশ এবং প্রাইম এশিয়া ইউনিভার্সিটি।

advertisement

এর মধ্যে অবৈধভাবে ক্যাম্পাস পরিচালনার দায়ে প্রথম তিনটি বিশ্ববিদ্যালয়ের বিরুদ্ধে ব্যবস্থা নিচ্ছে ইউজিসি। বাকিগুলোতে ট্রাস্টি বোর্ডের দ্বন্দ্ব, নির্ধারিত সময়ে স্থায়ী ক্যাম্পাসে না যাওয়াসহ নানা অনিয়ম রয়েছে। শিগগিরই গণবিজ্ঞপ্তিটি গণমাধ্যমে ও ইউজিসির ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

এ বিষয়ে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের পরিচালক (বেসরকারি বিশ্ববিদ্যালয়) ওমর ফারুক গণমাধ্যমকে বলেন, বেসরকারি বিশ্ববিদ্যালয়ে ভর্তিতে শিক্ষার্থী-অভিভাবকরা যেন সচেতন থাকেন এবং জেনে-শুনে তাদের সন্তানদের ভর্তি করাতে পারেন সেজন্য প্রতি সেমিস্টারের আগে এ ধরনের গণবিজ্ঞপ্তি দেওয়া হয়। গণবিজ্ঞপ্তিতে বেসরকারি বিশ্ববিদ্যালয়ের সার্বিক কার্যক্রম, রাষ্ট্রপতি নিয়োগকৃত উপচার্য, প্রো-উপচার্য ও ট্রেজারার নিয়োগের সর্বশেষ অবস্থা সম্পর্কে অভিহিত করা হবে।